

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৮.২৩. ১৬৫

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
১০ জুন ২০২৬

অফিস আদেশ

যেহেতু, জনাব আবু নছর মোঃ আব্দুস সালাম, ফিন্ডসুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ এর বিরুদ্ধে প্রাপ্তন কর্মস্থল শহর সমাজসেবা কার্যালয়, টংগী, গাজীপুর পৌর সমাজকর্মী হিসেবে কর্মরত অবস্থায় ক্ষুদ্রঋণ কার্যক্রমের ৩,৫৮,১৭৫/- টাকা আত্মসাৎ করেন। আত্মসাৎকৃত টাকার মধ্যে ১,৯৫,২২৫/- টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদান করেন। অবশিষ্ট ১,৬২,৯৫০/- (একলক্ষ বাষটি হাজার নয়শত পঞ্চাশ) টাকা তার নিকট আত্মসাৎ রয়েছে মর্মে পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা স্মারক নম্বর ৪১.০১. ০০০০.০৪৩.১৮.০০৩.১৯.১৬ তারিখ ০৯/০২/২০২৩ মূলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন;

যেহেতু, উল্লিখিত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নম্বর ০৪/২০২৩ তারিখ ০২/০৪/২০২৩) রুজু করা হয়;

যেহেতু, জনাব আবু নছর মোঃ আব্দুস সালাম তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানিতে অংশ গ্রহণের আগ্রহ প্রকাশ করায় বিগত ২৪/০৭/২০২৩ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানি গ্রহণ শেষে বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ০২/০৬/২০২৬ তারিখ ৪১.০১.৮৬০০.০০০.০০০.২৭.০০১.২৫. ১৩৯ সংখ্যক স্মারক মূলে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। তদন্তে তার বিরুদ্ধে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম এবং দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের ৩,৫৮,১৭৫/- (তিন লক্ষ আটান হাজার একশত পঁচাত্তর) টাকা আত্মসাৎ/হস্তমজুদ হয়নি মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব আবু নছর মোঃ আব্দুস সালাম, ফিন্ডসুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ (বর্তমানে উপজেলা সমাজসেবা কার্যালয়, কেরানীগঞ্জ, ঢাকা বদলীর আদেশপ্রাপ্ত) এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, বিভাগীয় মামলার জবাব, শুনানিকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন, আত্মসাৎকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদানের তথ্য এবং সার্বিক বিষয় পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ প্রমাণিত না হওয়ায় তাকে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ সাইফুল ইসলাম)

উপসচিব

পরিচালক (প্রশাসন ও অর্থ)

☎ ০২৫৫০০৭০২২

ইমেইল: director-admin@dss.gov.bd


নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৮.২৩. ১৬৫ (১৭)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
১০ জুন ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ)/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭/ময়মনসিংহ।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ/ঢাকা।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮. উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ/কেরানীগঞ্জ, ঢাকা।
৯. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ/কেরানীগঞ্জ, ঢাকা।
১০. জনাব আবু নছর মোঃ আব্দুস সালাম, ফিল্ডসুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ।
(বর্তমানে উপজেলা সমাজসেবা কার্যালয়, কেরানীগঞ্জ, ঢাকা বদলীর আদেশপ্রাপ্ত)


(সেং রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২৫৫০০৭৩৭০

*